



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/একা-৪১/ফা.পা.ভর্তি ও রেজি:/০০০২৪০

তারিখ: ২৬.১০.২০২২

ফাজিল (পাস) ২য় ও ৩য় বর্ষের সেশন ফি-সহ অন্যান্য ফি-জমাদানের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসাসমূহের অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের অধিকতর সুযোগ সৃষ্টি বিষয়ে সার্বিক বিবেচনা করে “সেশন ফি ও অন্যান্য ফি” জমা দেয়ার সময় নিম্নরূপভাবে বৃদ্ধি করা হল:

বর্ধিত সময়সূচী:

- (ক) মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ফি-সমূহ আদায়পূর্বক আগামী ১৬-১০-২০২২ খ্রি. তারিখ থেকে ৩১-১০-২০২২ খ্রি তারিখের মধ্যে {সেশন ফি- ও ক্রীড়া ফি- বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি- অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে} নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে “অগ্রণী ব্যাংক লিমিটেড” এর যে কোন শাখায় জমা দিবেন।

ফি-জমা দেয়ার নিয়মাবলী :

- প্রথম ধাপ : www.iau.edu.bd তে প্রবেশ করতে হবে।
দ্বিতীয় ধাপ : **Payment Option** এ ক্লিক করতে হবে।
তৃতীয় ধাপ : **EIIN ও Password** দিয়ে **Login** করতে হবে।
চতুর্থ ধাপ : **Session Fee** তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক **Save** এ ক্লিক করতে হবে।
পঞ্চম ধাপ : (**Payslip Download** করতে কোন সমস্যা হলে জনাব মোঃ ফয়সাল আহমেদ, সেকশন অফিসার ০২-২২৩৩২৬৭২৫ এই নাম্বারে যোগাযোগ করুন)।

- (খ) ফাজিল (পাস) শ্রেণিতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী ফাজিল (পাস) ১ম ও ২য় বর্ষ পরীক্ষা-২০২০ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছেন সে সকল ছাত্র-ছাত্রীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (**Immediate Year**) (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি- প্রদান {প্রতি ছাত্র-ছাত্রী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে} করতে হবে।
- (গ) আদায়কৃত অর্থের অনলাইন ব্যাংকিং এর ডিপোজিট স্লিপ এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের টট লিস্ট প্রস্তুত করে পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমা দিতে হবে।
- (ঘ) সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত ফি-সমূহ একটি অনলাইন ব্যাংকিং এর ডিপোজিট স্লিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের টট লিস্ট পৃথক ভাবে জমা দিতে হবে।
- (ঙ) সরকারী স্বাস্থ্যবিধি মেনে “সেশন ফি- সহ অন্যান্য ফি” আদায় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

যোগাযোগের জন্য

০১৭১৯-৫০৭১২৩ (একাডেমিক শাখা)
০১৭০৯-৩৮৯০০৭ (আই.সি.টি শাখা)

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

(মোঃ রেজাউল হক)

রেজিস্ট্রার

email: iau.registr@gmail.com